

## প্রোফাইল



সীমা রানী ধর নৌ পরিবহন মন্ত্রণালয়ে পরিকল্পনা অনুবিভাগে সহকারী প্রধান হিসেবে কর্মরত রয়েছেন। তিনি বিসিএস (ইকনমিক) ক্যাডারের ২৯তম ব্যাচের কর্মকর্তা। তিনি ১৯৮৬ সালে মুন্সীগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি এ. ভি. জে. এম. সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মুন্সীগঞ্জ হতে ২০০০ সালে মাধ্যমিক এবং বেগম বদরুল্লাহ সারকারি মহিলা কলেজ, ঢাকা হতে ২০০২ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে লোক প্রশাসন বিভাগে বিএসএস (অনার্স) ও এমএসএস ডিগ্রী অর্জন করেন।

সীমা রানী ধর পানি সম্পদ মন্ত্রণালয়ের সহকারী প্রধান হিসেবে ২০১১ সালে চাকুরী জীবন শুরু করেন। এরপর তিনি পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ ও নৌ-পরিবহন মন্ত্রণালয়ে কাজ করেছেন। এ সময়ে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, বাস্তবায়ন ও সংশোধনসহ পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন কাজে অংশগ্রহণ করেছেন।

বিভিন্ন সরকারী সফরে তিনি জার্মানী, চীন ও জাপান ভ্রমণ করেছেন।

সীমা রানী ধর বিবাহিতা এবং এক পুত্র সন্তানের জননী। তার স্বামীর নাম সঞ্জয় হালদার।